

হিব্বুত তাহরীর, বাংলাদেশ,
মহিলা শাখার মুখপাত্র
ফাহমিদা ফারহানা খানম
এর কার্যালয়

বিস্মিল্লাহির রাহমানির রাহিম
তোমাদের মধ্যে যারা বিশ্বাস করে ও সংকাজ করে আল্লাহ তাদের এ ওয়াদা
দিয়েছেন যে, তিনি তাদের পৃথিবীতে প্রতিনিধিত্ব দান করবেন, যেরূপ
পূর্ববর্তীদের দান করেছিলেন আর তিনি অবশ্যই তাদের দীনকে, যা তিনি
তাদের জন্য মনোনীত করেছেন, সুদৃঢ় করবেন এবং তাদের ভয়-ভীতির
পরিবর্তে তাদের নিরাপত্তা দান করবেন। তারা আমার ইবাদত করবে, আমার
কোন অংশী করবেনা, অতঃপর যারা অকৃতজ্ঞ হবে তারাই ফাসেক।
[সূরা- আন নূরঃ ৫৫]



নং : ০৭/২২০৮২০০৮

২০ শাবান, ১৪২৯ হিজরী
২২ আগস্ট, ২০০৮ ইং

প্রেস বিজ্ঞপ্তি

একমাত্র খিলাফত শাসন ব্যবস্থাই শিক্ষাঙ্গনে নারী নির্যাতন বন্ধ করতে সক্ষম

হিব্বুত তাহরীর, বাংলাদেশ, মহিলা শাখার মুখপাত্র ফাহমিদা ফারহানা খানম দেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ক্রমবর্ধমান হারে যৌন হয়রানি ও নিপীড়ন বেড়ে যাওয়ায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। গত কয়েক বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয় এবং সম্প্রতি মিরপুরে বিসিআইসি স্কুল এন্ড কলেজে শিক্ষক কর্তৃক ছাত্রীদের শীলতাহানী, যৌন হয়রানি ও নিপীড়নের পরিপ্রেক্ষিতে আজ শুক্রবার (২২ আগস্ট, ২০০৮) এক প্রদত্ত বিবৃতিতে বলেন, “স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত প্রায় অর্ধশত নারী সংগঠন ও মানবাধিকার সংস্থা এদেশে নারীদের অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করলেও দেশের সবস্তরে নারী নির্যাতনের হার ক্রমাশয়ে বেড়ে যাচ্ছে। বিভিন্ন সময়ে সরকার প্রণীত নারী নির্যাতন বিরোধী আইনগুলোও বাস্তবে নারীর নিরাপত্তা নিশ্চিত করতে পারেনি। উপরন্তু, শিক্ষাঙ্গনগুলোও এখন নারী নির্যাতনের নতুন ক্ষেত্রে পরিণত হয়েছে।” তিনি আরও বলেন, “শিক্ষাঙ্গনের মতো পবিত্র স্থানে ছাত্রী নিপীড়ন মূলতঃ পাশ্চাত্যের ভোগবাদী চিন্তা-চেতনারই প্রত্যক্ষ ও পরোক্ষ ফসল। সমঅধিকার ও ক্ষমতায়নের মনোমুগ্ধকর শ্লোগানে পাশ্চাত্য বিশ্বকে অনুসরণ করে দেশের ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াগুলোতে নারীকে প্রতিনিয়ত অশ্লীলভাবে উপস্থাপন করা হচ্ছে। ফলশ্রুতিতে সমাজে নারীর প্রতি তৈরী হচ্ছে বিকৃত দৃষ্টিভঙ্গী। আর এ বিকৃত ধ্যান-ধারণার ফলশ্রুতিতেই নারীরা শিক্ষাঙ্গনসহ বিভিন্ন ক্ষেত্রে যৌননিপীড়ন ও নির্যাতনের শিকার হচ্ছে। তাই, একের পর এক নীতিমালা কিংবা নিত্যনতুন আইন প্রণয়ন করেও নারী নির্যাতন রোধ করা যাচ্ছে না।” পরিশেষে তিনি বলেন, “নারী নির্যাতন সমস্যার সত্যিকার সমাধান করতে হলে পুঁজিবাদী সমাজ ব্যবস্থার মূলোৎপাটন করে প্রতিষ্ঠিত করতে হবে খিলাফত শাসন ব্যবস্থা। যে ব্যবস্থা আল্লাহুভীতি ও জবাবদিহিতার ভিত্তিতে নারীকে প্রতিষ্ঠিত করবে সত্যিকারের সম্মানের আসনে, বন্ধ করবে শিক্ষাঙ্গনে যৌন নিপীড়নসহ নারীর প্রতি সকল প্রকার নির্যাতন ও নিপীড়ন।”

ধন্যবাদান্তে,

স্থপতি ফাহমিদা ফারহানা খানম
মুখপাত্র
হিব্বুত তাহরীর, বাংলাদেশ, মহিলা শাখা

এইচ, এম, সিদ্দিক ম্যানশন (৫ম তলা)
৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
ffkhanam@yahoo.com

ফ্যাক্স : +৮৮০ ২৯৫৫৮৮৫৪

www.khilafat.org

মোবাইল : +৮৮০ ০১৭১১৫৪৮২৪৩

www.khilafah.com